

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২২৩(আগরতলা ১৬।০৩)

পানিসাগর, ১৬ মার্চ, ২০২৪

পানিসাগরে রৌয়া প্রাইমেটস ফেস্টিভাল

বন দপ্তরের উদ্যোগে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে পানিসাগরে সম্প্রতি রৌয়া প্রাইমেটস ফেস্টিভাল অনুষ্ঠিত হয়। বিধায়ক বিনয় ভূষণ দাস রৌয়া অভয়ারণ্যে অনুষ্ঠিত এই ফেস্টিভালের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, এই ধরণের উৎসবের মাধ্যমে মানুষের মধ্যে বন্যপ্রাণী ও বনজ সম্পদ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পাবে। বন্যপ্রাণীর সাথে মানুষের পারস্পারিক সৌহার্দ্য আরও বৃদ্ধি পাবে বলেও আশা ব্যক্ত করেন তিনি। অনুষ্ঠানে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস বলেন, বন্যপ্রাণী ও গাছপালা ছাড়া মানুষের অস্তিত্ব কল্পনা করা যায় না। তিনি বন্যপ্রাণী ও বনজ সম্পদ সংরক্ষণের মাধ্যমে প্রাকৃতিক ভারসাম্যকে রক্ষা করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উত্তর ত্রিপুরা জেলা বন আধিকারিক এস মল্ল। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক যাদবলাল নাথ, উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহৰ্তা দেবপিয় বৰ্ধন, পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান লক্ষ্মীকান্ত দাস, সমাজসেবী বিবেকানন্দ দাস প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস। অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। উৎসবকে কেন্দ্র করে রক্তদান শিবির, অঙ্গন প্রতিযোগিতা, রান ফর প্রাইমেটস সহ বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হয়।

News Uploading time = 12:30 PM